

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৪

তেলিয়ামুড়া, ২১ জুন, ২০২৪

তেলিয়ামুড়া বিধানসভা ক্ষেত্রের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে
প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংবর্ধনা

তেলিয়ামুড়া পুর পরিষদ এবং তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে আজ তেলিয়ামুড়া বিধানসভা ক্ষেত্রের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। এ উপলক্ষে তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাক্ষেত্রে আয়োজিত সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে প্রধান অতিথি বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, ছাত্রছাত্রীদের পড়াশোনার পাশাপাশি সমাজ ও দেশের উন্নয়নে নিজেদের আত্মনিয়োগ করতে হবে। তাছাড়াও ছাত্রছাত্রীদের সমাজে একজন দায়িত্ববান নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। অনুষ্ঠানে তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূধন রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস রায় তাদের বক্তব্যে ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে নিজেদের প্রতিষ্ঠিত করার সাথে সাথে সমাজ গঠনে সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে তেলিয়ামুড়া বিধানসভা ক্ষেত্রের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে প্রথম বিভাগে উত্তীর্ণ ৩৭৮ জন ছাত্রছাত্রীকে এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে শ্রেষ্ঠ দশম স্থানাধিকারী ৪ জনকে সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তেলিয়ামুড়া পুর পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শঙ্কর ঘোষ।
